# Educate community to thwart most health threats : say experts

Staff Correspondent

PHYSICIANS and researchers stressed on educating the community to understand and take simple precautions along with well motivated and trained public health personnel to prevent most of the global health threats.

They made their remarks while addressing a seminar at Dhaka Community Hospital in the city on Monday, said a press release.

It was organised by Asia Pacific Alliance for Disaster Management Bangladesh, Boston Children Hospital and Dhaka Community Hospital Trust.

Keynote paper of the seminar on 'Capacity building for research in developing countries' was presented by Maitreyi Mazumdar, assistant professor of Neurology at Harvard Medical School, Boston Children Hospital, USA.




Guests attend a seminar on global health threats and prevention held in the capital on Monday. — New Age photo

She discussed her experience of a research-work on the impact of arsenic on neuro-development of Bangladeshi children. She stressed on the importance of building capacity of research in the developing countries to know the roots of health risks and to prevent them.

Other topics were 'Global impact of Swine flu virus disease : control and prevention', 'The role of public health in preventing sexual transmission disease and AIDS approach', 'Zika virus management globally: symptoms, diagnosis and treatment', 'Health issues of garment workers and migrant people' and 'Possible preventions of global health issues'.

The presenters , discussants and facilitators were Zahidul Hasan, consultant and head of infection control at Square Hospital, Jamil Ahmed, medicine and cancer specialist at DCH Trust, Ali Ahmed Zia Uddin, researcher and activist in Bangladesh; Ahsan Kabir, lecturer, Dept. of Anatomy at DCMC; MA Malek, registrar of medicine at DCH Trust; Shayela Farah, Asst. Prof. Community Medicine, DCMC and Farzana Mahjabin, Associate Professor of Community Medicine at DCMC; Dr. Fuadul Islam, Physician Industrial Health, Community Initiative Society (CIS); Dr. Salamat Khandker, Dafodilis University and Taslima Akter, Co-Ordinator, Bangladesh Garment Workers Solidarity (BGWS).

At the opening of the seminar, Prof. Mahmuder Rahman, Co-Ordinator, DCH Trust, presented welcome address and Prof. Quazi Quamruzzaman, Chairman, DCH Trust, gave the votes of thanks at the end of the programme.

ঢাকা ■ মঙ্গলবার ■ ২৩ ফেব্রুয়ারি ২০১৬ ভোরের কাগজ




ঢাকা কমিউনিটি হাসপাতালে অনুষ্ঠিত বৈশ্বিক স্বাস্থ্য ঝুঁকি এবং প্রতিরোধবিষয়ক সেমিনারটি গতকাল আয়োজন করে এশিয়া প্যাসিফিক এলায়েন্স অব ডিজাস্টার ম্যানেজমেন্ট বাংলাদেশ, বোস্টন চিলড্রেন হসপিটাল (ইউএসএ) ও ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট। বিজ্ঞপ্তি।

# জিকা ভাইরাস ও বৈশ্বিক স্বাস্থ্য ঝুঁকির প্রতিরোধবিষয়ক সেমিনার অনুষ্ঠিত

জিকা ভাইরাসসহ বিভিন্ন রোগের প্রাদুর্ভাবকে প্রতিরোধ করার জন্য জনসচেনতার বিকল্প নাই। এ জন্য জনগণকে সচেতন করা, সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষিত করা একান্ত প্রয়োজন। প্রাকৃতিক ও বৈশ্বিক সমস্যাগুলো যা মানুষের অস্তিত্বকে বিপন্ন করে তোলে, সে রকম সব কর্মকাণ্ড থেকে বিরত থাকাও এসব রোগবালাই প্রতিরোধের জন্য জরুরি।

ঢাকা কমিউনিটি হাসপাতালে অনুষ্ঠিত বৈশ্বিক স্বাস্থ্য ঝুঁকি এবং এর প্রতিরোধবিষয়ক সেমিনারে বিশেষজ্ঞ বক্তারা উপরোক্ত মতামত ব্যক্ত করেন। গতকাল সোমবার সেমিনারটি আয়োজন করে এশিয়া প্যাসিফিক এলায়েন্স অব ডিজাস্টার ম্যানেজমেন্ট বাংলাদেশ, বোস্টন চিলড্রেন হসপিটাল (ইউএসএ) ও ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নিউরোলজি ও পরিবেশগত স্বাস্থ্য এবং হারভার্ড মেডিকেল স্কুল ও বোস্টন চিলড্রেন হসপিটালের (ইউএসএ) সহকারী অধ্যাপক ড. মৈত্রেয়ী মজুমদার। উন্নয়নশীল দেশগুলো স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে গবেষণার সক্ষমতা তৈরির প্রয়োজনীয়তা শীর্ষক আলোচনায় ড. মৈত্রেয়ী বাংলাদেশে শিশুদের মস্তিষ্কে আর্সেনিকের প্রভাব সংক্রান্ত গবেষণার অভিজ্ঞতার কথা উল্লেখ করেন। এ প্রসঙ্গে তিনি অনুন্নত দেশগুলো স্বাস্থ্য সমস্যার মোকাবেলার জন্য নিজস্ব গবেষণার ব্যাপারে প্রয়োজনীয় সক্ষমতা অর্জনের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। বিজ্ঞপ্তি।

সমকাল
মঙ্গলবার
২৩ ফেব্রুয়ারি ২০১৬ ১১ ফাল্গুন ১৪২২

# জিকা প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই

■ সমকাল প্রতিবেদক

'জিকা ভাইরাসসহ বিভিন্ন রোগপ্রতিরোধে জনসচেতনতার বিকল্প নেই। এ জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষিত করে গড়ে তুলতে হবে।' গতকাল ঢাকা কমিউনিটি হাসপাতালে (ডিসিএইচ) অনুষ্ঠিত 'বৈশ্বিক স্বাস্থ্য ঝুঁকি ও এর প্রতিরোধ' শীর্ষক সেমিনারে বিশেষজ্ঞরা এসব কথা বলেন। বক্তারা যেসব প্রাকৃতিক ও বৈশ্বিক সমস্যা মানুষের অস্তিত্বকে বিপন্ন করে তোলে, সেসব কর্মকাণ্ড থেকে বিরত থাকার আহ্বানও জানান।

এশিয়া প্যাসিফিক অ্যালায়েন্স অব ডিজাস্টার ম্যানেজমেন্ট, যুক্তরাষ্ট্রের বোস্টন চিলড্রেন হসপিটাল ও ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন হারভার্ড মেডিকেল স্কুল ও বোস্টন চিলড্রেন হসপিটালের নিউরোলজি ও পরিবেশগত স্বাস্থ্য বিভাগের সহকারী অধ্যাপক ডা. মৈত্রেয়ী মজুমদার। তিনি বাংলাদেশে শিশুদের মস্তিষ্কে আর্সেনিকের প্রভাব সংক্রান্ত গবেষণার অভিজ্ঞতা বর্ণনা করেন।

অধ্যাপক ডা. জাহিদুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে বিভিন্ন প্রবন্ধ উপস্থাপন করেন ডা. সালামত খন্দকার, ডা. জামিল আহমেদ, ডা. সারেহা ফারাহ, ডা. ফারজানা মেহজাবিন, ডা. আবদুল মালেক, ডা. ফুয়াদুল ইসলাম, ডা. আহসান কবির প্রমুখ। এ ছাড়া বক্তব্য রাখেন ডিসিএইচ ট্রাস্টের চেয়ারম্যান অধ্যাপক ডা. কাজী কামরুজ্জামান, অধ্যাপক ডা. মাহমুদুর রহমান প্রমুখ।